6

দৈনিক সংবাদ

তারিখ 06 AUG 1993
পৃষ্ঠা ৫ কলাম ৬

## অঙ্গীকার

কৃষি বিশ্ববিদ্যালয় (ময়মনসিংহ), ৫ই আগস্ট (নিজস্ব সংবাদদাতা)। — পরীক্ষা পিছানোর জন্য অনুষদীয় ডীন এবং শিক্ষকবৃন্দের নিকট বহু আবেদন নিবেদন করে ফল না হওয়ায় একটি ব্যতিক্রমী অঙ্গীকারনামায় সই করেছে বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল ও কারিগরি অনুষদের ২য় পর্ব ৯০-৯১ সেশনের ছাত্র-ছাত্রীরা। আগামী ১৭ই আগস্ট থেকে তাদের পর্ব সমাপনী পরীক্ষা শুরু হবার তারিখ ঘোষণা করেছেন কর্তৃপক্ষ। কিন্তু ছাত্র-ছাত্রীরা কমপক্ষে চল্লিশ দিন পরে পরীক্ষা দেবার জন্য আবেদন জানায় কর্তৃপক্ষের নিকট। কর্তৃপক্ষ তাদের সিদ্ধান্তে অনড় থাকায় তারা 'সজ্ঞানে ও সুস্থ মস্তিষ্কে' এই মর্মে অঙ্গীকারনামায় সই করেছে যে, ঘোষিত তারিখে তারা পরীক্ষা দেবে না এবং পরীক্ষার ফরম পূরণ করবে না। উক্ত অঙ্গীকারনামায় বিদেশী (নেপাল) ছাত্র-ছাত্রীসহ সকলেই সই করেছে এবং এটি বর্তমানে শ্রেণী প্রতিনিধি মোঃ আবুল কালাম আজাদের নিকট সংরক্ষিত আছে।